প্রতিদিন বাকাশিবো এর ওয়েবসাইট (www.bteb.gov.bd) ভিজিট করুন এবং আপনার প্রতিষ্ঠানের ই-মেইল ওপেন করুন।

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (ডিপ্লোমা শাখা)
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
Website: www.bteb.gov.bd

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০১৬.১৮.১৩৪ | তারিখ ঃ ১২-০৭-২০১৮ খ্রিঃ

## বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (আর্মি) শিক্ষাক্রমের ২০১৮ প্রবিধানভূক্ত ১ম পর্ব পরিপূরক পরীক্ষা আগামী ০১ আগস্ট ২০১৮ রোজ বুধবার হতে বোর্ড নির্ধারিত কেন্দ্র সমূহে অনুষ্ঠিত হবে। সংশ্লিষ্ট প্রবিধান মোতাবেক মে ২০১৮ মাসে ১ম পর্ব সমাপনী পরীক্ষায় শুধুমাত্র এক/দুই বিষয়ে অকৃতকার্য অনুত্তীর্ণ পরীক্ষার্থীরই এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

পরীক্ষার বিস্তারিত সময়সূচি এবং কেন্দ্র তালিকা যথাসময়ে অবহিত করা হবে। উক্ত পরীক্ষার প্রয়োজনীয় তথ্যাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান হতে অবহিত হওয়া যাবে এবং বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের নিজস্ব ওয়েব সাইটেও পাওয়া যাবে।

স্বাক্ষরিত/-
**(ড. সুশীল কুমার পাল)**
পরীক্ষা নিয়ন্ত্রক
ফোনঃ ০২-৯১১৩২৮৩

ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (আর্মি) শিক্ষাক্রমের অত্র বোর্ডের অনুমোদিত **২০১৮** প্রবিধানভুক্ত সিলেবাসে বর্ণিত সংশ্লিষ্ট বিষয়ের আচরণ ভিত্তিক পাঠ্যসূচি ও মান বন্টন অনুযায়ী **১ম পর্বের পরিপূরক বিষয়সমূহের** পরীক্ষা লিথুবিহীন উত্তরপত্রে গ্রহণ করতে হবে। পরীক্ষার ফরম পূরণ, ফি আদায় এবং অত্র বোর্ডে ফি প্রেরণের নিয়মাবলী নিমেণ প্রদত্ত হলো।

### ১। পরীক্ষার ফরম পূরণের নিয়মাবলীঃ

১.১ ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (আর্মি) শিক্ষাক্রমের সংশ্লিষ্ট পর্বের ফরম পূরণ অনলাইনে সম্পন্ন করতে হবে।

১.২ মে ২০১৮ মাসে অনুষ্ঠিত পরীক্ষায় ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (আর্মি) ১ম পর্ব পরীক্ষার্থীদের মধ্য হতে Probable List হতে পরীক্ষায় অংশ গ্রহণ করবে তাদের Final List এ নিয়ে যেতে হবে এবং Edit বাটনের মাধ্যমে বিষয় কোড সংযোজন করে দিতে হবে। Final List এ স্বাক্ষর যুক্ত প্রিন্ট-আউট কপিই পরীক্ষার ফরম পূরণ হিসেবে বিবেচ্য হবে।

১.২ উক্ত শিক্ষাক্রমের ১ম পর্ব পরিপূরক পরীক্ষার ফরম পূরণের প্রিনট-আউট কপি নির্ধারিত অনুচ্ছেদ ৩.৯ অনুযায়ী বর্ণিত তারিখে অত্র বোর্ডের ওয়েবসাইট হতে সংগ্রহ করতে হবে। উল্লেখ্য ওয়েবসাইট হতে সংগ্রহকৃত Final List এর প্রিন্ট-আউট কপির ফটোকপি অবশ্যই নিজ প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে। কারণ পরবর্তীতে পরীক্ষার্থীদের যে কোন সমস্যায় প্রিন্ট-আউট কপির ফটোকপিসহ বোর্ডে আবেদন করতে হবে।

১.৩ Final List এ এ অমত্মর্ভূক্ত পরীক্ষার্থীদের নামেই ফরম ফিলাপের ফি ডিডি-র মাধ্যমে বোর্ডে জমা দিতে হবে।

### ২। পরীক্ষার ও অন্যান্য ফি সমূহের হার নিম্নরূপঃ

| | | |
|---|---|---|
| ১ | পরীক্ষার ফি (বোর্ডে প্রেরণ যোগ্য) | ২২৫.০০ |
| ২ | কেন্দ্র ফি | ৪৫০.০০ |
| ৩ | ব্যবহারিক পরীক্ষার ফি | ব্যবহারিক বিষয়ের সংখ্যা × ২৫.০০ |
| ৪ | নম্বরপত্র ফি | ৫০.০০ |

### ৩। শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ফি প্রেরণের নিয়মাবলীঃ

৩.১ পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত পরিপূরক পরীক্ষার ফি -এর অর্থ সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা এর অনুকূলে প্রদান করতঃ ড্রাফটপি পরীক্ষার্থীদের তালিকার সঙ্গে অবশ্যই প্রেরণ করতে হবে। ড্রাফ্টটি সোনালী ব্যাংক, আগারগাঁও শাখা হতে উত্তোলন যোগ্য হতে হবে।

৩.২ পরিপূরক পরীক্ষার্থীদের প্রিন্ট-আউট কপি এবং পরীক্ষার ফি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রদানের মাধ্যম ব্যতীত সরাসরি অত্র অফিসে গ্রহণ করা হবে না।

৩.৩ অসম্পূর্ণ বা ভুল তথ্য বিশিষ্ট প্রিন্ট-আউট কপি বা নির্ধারিত ফি ব্যতিত ফরম পূরণ বাতিল করা হবে।

৩.৪ পরিপূরক পরীক্ষার কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ শিক্ষা প্রতিষ্ঠানের কেন্দ্র ফি তহবিলে (ব্যাংক একাউন্টে) জমা থাকবে এবং পরীক্ষা সংক্রামন্ত সকল সম্বরে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের সম্মানী/পরিশ্রমিক পরীক্ষা সমাপ্তির পর পরই নিয়ম অনুযায়ী পরিশোধের ব্যবস্থা করতে হবে। পরিশোধিত বিলের একটি প্রতিলিপি (মোট আয়-ব্যয়ের অংক উল্লেখসহ) যথাসময়ে অত্র বোর্ডের সচিব বরাবরে প্রেরণ করতে হবে।

৩.৫ ব্যাংক ড্রাফ্ট সংগ্রহের নিমিত্ত প্রদানযোগ্য কমিশন সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বহন করতে হবে। নগদ অর্থ, মানি অর্ডার, পোস্টাল অর্ডার বা ট্রেজারী চালানযোগে প্রেরিত অর্থ গ্রহণযোগ্য নয়।

৩.৭ ফরম পূরণের প্রিন্ট-আউট কপি ও ব্যাংক ড্রাফ্ট জমা দেয়ার সময় পরীক্ষার্থীদের একটি পূর্ণাঙ্গ তালিকা (অনুচ্ছেদ-৩.৮ অনুযায়ী) এবং Online -এ পূরণকৃত ফরম ফিলাপ (EFF) এর Final List (পরীক্ষার্থীর স্বাক্ষরকৃত), Total Student List এর প্রিন্ট-আউট কপি জমা দিতে হবে। Final List Print করার পর আর কোন Edit করা যাবে না। উল্লেখ্য, Website হতে সংগ্রহকৃত প্রিন্ট-আউট কপি/কপির ফটোকপি অবশ্যই প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে, কারণ পরবর্তীতে উক্ত পরীক্ষার্থীদের যে কোন সমস্যায় প্রিন্ট-আউট কপির ফটোকপিসহ অত্র বোর্ডে আবেদন করতে হবে। Total Question Count List এর প্রিন্ট-আউট কপি বোর্ডের গোপনীয় শাখায় (৮ম তলা) অবশ্যই জমা দিতে হবে।

৩.৮ নিম্নে বর্ণিত ছক অনুযায়ী টেকনোলজি ভিত্তিক পরীক্ষার্থীদের একটি তালিকা প্রেরণ করতে হবে। প্রতি বিষয়ের পরীক্ষার্থীর সংখ্যা সম্বলিত একটি ফরোয়ার্ডিং সংযোজন করা আবশ্যক।

| **পরীক্ষার্থীদের নাম** | **রোল নম্বর** | **রেজিঃ নম্বর ও সেশন** | **বিষয় সমূহের নাম/কোড** | **পরীক্ষার ফি** | **নম্বরপত্র ফি** | **বিলম্ব ফি** | **মোট ফি** | **মন্তব্য** |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| | | | | | | | | |

৩.৯ নিম্নের ছকে প্রদত্ত তারিখ অনুযায়ী পরীক্ষা সংশ্লিষ্ট কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অধিকতর যত্নশীল ও দায়িত্ববান হওয়ার জন্য অনুরোধ করা হলো।

| Online -এ **ফরম ফিলাপ এর ডাটা এন্ট্রি করার তারিখ** | **শিক্ষা প্রতিষ্ঠানে ফরম ফিলাপের ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ** | **শিক্ষা প্রতিষ্ঠানে বিলম্ব ফি-সহ (৩০০/- টাকা প্রতি পরীক্ষার্থী) ফরম ফিলাপ ও ব্যাংক ড্রাফ্ট করার শেষ তারিখ** | **সকল ব্যাংক ড্রাফট, প্রিন্ট-আউট কপি জমা / গ্রহণের তারিখ** | **অত্র বোর্ড হতে প্রবেশপত্র ও পরীক্ষা সংক্রামন্ত প্রয়োজনীয় কাগজপত্র গ্রহণের তারিখ** | প্রবেশপত্র সংশোধনের জন্য তথ্যসহ আবেদন সংশিস্নষ্ট শাখায় জমা | সংশোধিত প্রবেশপত্র গ্রহণের তারিখ |
|---|---|---|---|---|---|---|
| ১৬-০৭-১৮ হতে ১৮-০৭-১৮ | ১৭-০৭-১৮ | ১৮-০৭-১৮ | ২৫-০৭-১৮ | ২৫-০৭-১৮ | ২৫-০৭-১৮ | ২৬-০৭-১৮ |

৩.৯ পরিপূরক পরীক্ষার প্রিন্ট-আউট কপি ও অন্যান্য সমূদয় ফি বাবদ প্রদত্ত ব্যাংক ড্রাফ্ট স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানের একজন দায়িত্বশীল কর্মকর্তা/রেজিস্ট্রার বা সমপর্যায়ের কোন কর্মকর্তার মাধ্যমে নির্ধারিত তারিখে অত্র বোর্ডে প্রেরণের ব্যবস্থা করতে হবে। তবে, উক্ত কর্মকর্তার ভ্রমণ সম্পর্কিত ব্যয়ভার সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান বহন করবে।

৩.১০ পরীক্ষা সংক্রামন্ত সকল বিষয়ে যোগযোগ বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা [দৃষ্টি আকর্ষণঃ উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)] বরাবরে প্রেরণ করতে হবে।

৪। অন্যান্য শর্তাবলীঃ

৪.১ পরীক্ষার্থী নিকট হতে আদায়কৃত পরীক্ষার ফি এর অর্থ একটি মাত্র ব্যাংক ড্রাফ্ট এর মাধ্যমে **ও প্রিন্ট-আউট কপিসমূহ ৩.৮ অনুচ্ছেদ মোতাবেক প্রণীত বিবরণী একটি ফরোয়াডিং এর মাধ্যমে বোর্ডে প্রেরণ করতে হবে (ভিন্ন ভিন্ন ড্রাফট্ সহকারে ও একাধিক ফরোয়ার্ডিং এর মাধ্যমে প্রেরণ করা বর্জনীয়)।**

৪.২ নির্ধারিত সময়সীমার মধ্যে প্রিন্ট-আউট কপি বোর্ডে জমা প্রদান নিশ্চিত করতে ও সংশ্লিষ্ট পরীক্ষার্থীদেরকে যে কোন প্রকারের উদ্বিগ্নতা ও বিড়াম্বনা হতে পরিত্রানের লক্ষ্যে প্রিন্ট-আউট কপি ও ফিসের অর্থ উক্ত ৩.৯ অনুচ্ছেদ মোতাবেক প্রেরণ করতে হবে।

৪.৩ পরীক্ষার্থীদের প্রিন্ট-আউট কপির নির্ধারিত স্থানে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান অবশ্যই সীলসহ স্বাক্ষরের বিষয়টি নিশ্চিত করবেন।

৪.৪ অনলাইনে তথ্য এন্ট্রি করার সময় পরিপূরক পরীক্ষার বিষয় কোড উল্লেখ করতে হবে।

৪.৫ **পরীক্ষায় উত্তরপত্র ব্যবহারের একটি দৈনন্দিন রেজিস্টার সংরক্ষণ করতে হবে। অব্যবহৃত উত্তরপত্র ও অতিরিক্ত উত্তরপত্র অবশ্যই পরীক্ষা শেষ হওয়ার ৭ (সাত) দিনের মধ্যে উত্তরপত্র ব্যবহার ও উদ্বৃত্ত বিবরণীসহ অত্র বোর্ডে ফেরত দিতে হবে।**

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০১৬.১৮.১৩৪(১৪) তারিখঃ ১২-০৭-২০১৮ খ্রিঃ

অনুলিপি সময় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে ঃ

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা-১০০০। [দৃষ্টি আকর্ষণঃ অতিরিক্ত সচিব (কারিগরি)]
২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭।
৩. সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. সদর দপ্তর, আর্টডক, মোমেনশাহী সেনানিবাস, ময়মনসিংহ।
৫. জেলা প্রশাসক, নাটোর/নীলফামারী/যশোর।
৬. অধ্যক্ষ/কমান্ড্যান্ট, ইসিএসএম, কাদিরাবাদ সেনানিবাস, নাটোর/ ইএমইসিএন্ডএস, সৈয়দপুর সেনানিবাস/ এসটিসিএন্ডএস, যশোর সেনানিবাস।
৭. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক - গোপনীয়/সনদ/বিএম/ভোকঃ, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. উপ-সচিব (রেজিঃ)/উপ-সচিব (প্রশাসন)/উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. সিস্টেম এনালিষ্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (নোটিশটি Website -এ প্রকাশ ও অনলাইন সংক্রামন্ত কার্যক্রমের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
১০. সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক- ডিপেস্নামা/কৃষি/টেক্সটাইল/শর্টকোর্স, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১১. প্রেস ম্যানেজার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১২. ডকুমেন্টেশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৩. চেয়ারম্যান মহোদয়ের পার্সোনাল অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৪. নথি।

**(মোহাম্মদ আবুল শাহিন কাওছার সরকার)**
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)
ফোনঃ ০২-৯১১৮৭৭৬